

## 🗐 আল-হজ | Al-Hajj | ٱلْحَجّ

আয়াতঃ ২২: ৬৪

## **া** আরবি মূল আয়াত:

## لَهُ مَا فِى السَّمَٰوْتِ وَ مَا فِى الأرضِ ۚ وَ إِنَّ اللَّهَ لَهُوَ الغَنِيُّ الحَمِيدُ ﴿ \$٢﴾

## 

আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে, সব তাঁরই। আর নিশ্চয় আল্লাহই তো অভাবমুক্ত, সকল প্রশংসার অধিকারী। — আল-বায়ান

আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর, আর আল্লাহ, তিনি যাবতীয় অভাব থেকে মুক্ত, যাবতীয় প্রশংসার অধিকারী। — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই এবং আল্লাহই তো অভাবমুক্ত, প্রশংসা। — মুজিবুর রহমান

To Him belongs what is in the heavens and what is on the earth. And indeed, Allah is the Free of need, the Praiseworthy. — Sahih International

৬৪. আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে তা তারই। আর নিশ্চয় আল্লাহ, তিনিই তো অভাবমুক্ত, পরম প্রশংসিত।(১)

(১) এ আয়াতের শেষেও মহান রাব্দুল আলমীনের দুটি গুরুত্বপূর্ণ গুণবাচক নামের সমাহার আমরা লক্ষ্য করি। বলা হয়েছে যে, তিনি (لْفَنِيُّ الْحَمِيدُ) অর্থাৎ তিনি "অমুখাপেক্ষী" সবকিছুরই তিনি মালিক, আর সবকিছু তাঁরই মুখাপেক্ষী, তারই বান্দা। [ইবন কাসীর] আর তিনিই "প্রশংসার্হ" অর্থাৎ প্রশংসা ও স্তব-স্তুতি একমাত্র তাঁরই জন্য এবং কেউ প্রশংসা করুক বা না করুক সর্বাবস্থায় তিনি প্রশংসিত। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৬৪) আকাশমন্তলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই।[1] আর নিশ্চয় আল্লাহ; তিনিই অভাবমুক্ত, সর্বপ্রশংসনীয়।
  - [1] সৃষ্টির দিক দিয়ে, মালিকানার দিক দিয়ে এবং নিয়ন্ত্রণ ও পরিচালনার দিক দিয়ে। কারণ সকল সৃষ্টি তাঁর মুখাপেক্ষী এবং তিনি কারো মুখাপেক্ষী নন। যেহেতু তিনি অভাবশূন্য অমুখাপেক্ষী। সেই সত্তা সকল পরিপূর্ণতা ও ক্ষমতার অধিকারী, সকল অবস্থায় প্রশংসার যোগ্যও একমাত্র তিনিই।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2659

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন